# যাকাত বিধানের সারসংক্ষেপ

বিভাগ/অধ্যায়ঃ সদকা সংশ্লিষ্ট মাসআলা ও বিধি-বিধান

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৩. সদকার বেশি হকদার:

নিজের ওপর, নিজের পরিবার ও সন্তানের ওপর ব্যয় করাকে ইসলাম সদকা বলেছে। অতএব, যাদের ভরণ-পোষণের দায়িত্ব ব্যক্তির ওপর রয়েছে সর্বাগ্রে উচিৎ তাদের জন্য খরচ করা। তারাই সদকার বেশি হকদার। তাদেরকে এমনভাবে রেখে যাবে না যে, তারা মানুষের ধারেধারে ঘুরবে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

«كفى بالمرءِ إثماً أن يُضَيِّعَ مَن يَقوت».

“একজন মানুষের পাপ হিসেবে এতটুকু যথেষ্ট যে, যার ভরণ-পোষণের দায়িত্ব তার ওপর রয়েছে তাকে বিনষ্ট করবে”।[1]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরও বলেছেন:

«دينارٌ أنفقتَهُ في سبيل الله، ودينارٌ أنفقتَهُ في رقبة (أي: في عِتق رقبة)، ودينارٌ تصدقتَ به على مسكين، ودينارٌ أنفقتَهُ على أهلِك، أعظمُها أجراً: الذي أنفقتَهُ على أهلِك».

“এক দিনার তুমি আল্লাহর রাস্তায় খরচ করেছে, অপর দিনার তুমি গোলাম আজাদ করতে গিয়ে খরচ করেছে, অপর দিনার তুমি মিসকিনের ওপর খরচ করেছ এবং অপর দিনার তোমার পরিবারের ওপর খরচ করেছ, অপেক্ষাকৃত বেশি সাওয়াব: তোমার পরিবারের ওপর যা খরচ করেছ তাতেই”।[2]

>

## ফুটনোট

[1] সহীহ আবু দাউদ, হাদীস নং ১৬৯২; সহীহ মুসলিম, হাদীস নং ৯৯৬।

[2] সহীহ মুসলিম, হাদীস নং ২৩৫৮

Source — https://www.hadithbd.com/books/link/?id=10154

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন